# সৌখিন জানালা

মৃত কবিতাগুলির শানেনুযুল সম্পর্কে
তুমি যদি এখনো অজ্ঞতার ভান করো
আমার কোনো বক্তব্য নেই ।
তাদের মমিগুলি সমাহিত আছে ল্যাপটপের পিরামিডে

সেইনের জলতরঙ্গে ভেসে আসা হাঁসের পালক ছুঁয়ে
প্রতিজ্ঞা ছিল, যৌথ স্নানের
মার্নের তীর ঘেঁষে হাঁটতে হাঁটতে
যুগলকরে প্রস্তাবিত ছিল যে বিশুদ্ধ প্রত্যাশা
তাদের সমাধিতে আজ বুনে এসেছি সাদা টিউলিপ

তোমার শরীর জুড়ে শবের শিথিলতা
তোমার পাথর চোখ; দৃষ্টির নৈর্ব্যক্তিকতায়
আমি লজ্জায় শামুক হয়ে যাই ।

নিশ্চিত জানি আজ,
তোমার সুবিস্তৃত অট্টালিকার আমি ছিলাম একটি
সৌখিন জানালা মাত্র
যেখান থেকে তুমি মাঝে মধ্যে কান পেতে শুনতে
তোমার শখের বাগানে বেড়াতে আসা
বুলবুলিদের গান ।

